



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১ এক্স: ১২৩২

প্রেস বিজ্ঞপ্তি

জাবিইপার পাঁচদিনব্যাপী বইমেলায় উদ্বোধন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৫ এপ্রিল ২০২৫

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ইসলামি পাঠাগার কর্তৃক আয়োজিত পাঁচ দিনব্যাপী বইমেলায় উদ্বোধন করেছেন উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান। আজ বিকেলে বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনের সামনে উপাচার্য এ মেলার উদ্বোধন করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, ইসলাম একটি পরিপূর্ণ জীবন বিধান। ইসলাম ধর্ম অনুযায়ী আমাদের জীবনের ইহজাগতিক ও পরজাগতিক অংশ রয়েছে। আমাদের পরজাগতিক জীবন কেমন হবে, সেখানে কি ধরনের প্রশ্নের সম্মুখীন হতে হবে, এসব বিষয়ে আমাদের প্রস্তুতি আছে কিনা, যারা ইসলাম ধর্মে বিশ্বাসী তাদের ব্যক্তিগত জীবনে এই প্রশ্নগুলো গুরুত্বপূর্ণ। এই বইমেলা ইসলামি জীবনাদর্শে যারা বিশ্বাসী তাদের জন্য ইতিবাচক আচরণগত পরিবর্তনে সহায়ক হবে বলে জানান। এছাড়া যারা এই আয়োজন করেছেন তারা গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন বলেও উপাচার্য জানান।

অনুষ্ঠানে প্রক্টর অধ্যাপক এ. কে. এম. রাশিদুল আলমসহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)